

ফাতওয়া নম্বার: ৬১১

প্রকাশকাল: ২৫-১০-২০২৫ ইং

## মাহরাম ব্যতীত নারীদের সফরের হুকুম

প্রশ্ন:

নারীদের জন্য মাহরাম ব্যতীত কতটুকু দূরত্বের সফর করা বৈধ? আর কতটুকু দূরত্বের সফরের জন্য মাহরাম থাকা জরুরি?

-মুহাম্মাদ নোমান

উত্তর:

নারীদের জন্য নিরাপত্তার শঙ্কা থাকলে মাহরাম ব্যতীত অল্প দূরত্বের সফরও জায়েয নয়। আর যদি সফরের দূরত্ব শরঈ সফর পরিমাণ তথা ৪৮ মাইল কিংবা ৭৮ কিলোমিটার হয়, তাহলে নিরাপদ সফরের ব্যবস্থা থাকলেও মাহরাম ব্যতীত সফর করা নিষেধ। -শরহ মুখতাসারিত তাহাবী: ৮/৫৬১ (দারুস সিরাজ); বাদায়েউস সানায়ে: ২/১২৪ (ইলমিয়্যাহ); রদ্দুল মুহতার: ৬/৩৯০ (দারুল ফিকর)

সহীহ মুসলিমের এক হাদীসে এসেছে,

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَحِلُّ لِأَمْرَأَةٍ تُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ، أَنْ تُسَافِرَ سَفَرًا يَكُونُ ثَلَاثَةَ أَيَّامٍ فَصَاعِدًا، إِلَّا

وَمَعَهَا أَبُوهَا، أَوْ ابْنُهَا، أَوْ زَوْجُهَا، أَوْ أَخُوهَا، أَوْ دُوٌّ مَحْرَمٌ مِنْهَا». -صحيح  
مسلم: (1340)

“আবু সাঈদ খুদরী রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত,  
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহ  
ও পরকালে বিশ্বাসী নারীর জন্য পিতা, ছেলে, স্বামী, ভাই  
কিংবা অন্য কোনো মাহরাম ছাড়া তিন দিন কিংবা তার  
চেয়ে বেশি দূরত্বের সফর করা বৈধ নয়।” -সহীহ  
মুসলিম ১৩৪০

আরও দেখুন, ফাতওয়া নং [৪৬৯ মাহরামসহ হজ](#)  
[আদায়ের সামর্থ্যহীন নারীদের করণীয়?](#)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



২৭-০৬-১৪৪৭ হি.

১৯-১২-২০২৫ স্.